



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
GAZIPUR PALLI BIDYUT SAMITY-1

ISO 9001:2015 CERTIFIED

সদর দপ্তর  
চান্দনা, গাজীপুর।  
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮  
ফ্যাক্স: ০২-৯২৬৪৩৪৪  
E-Mail: gazipbs@yahoo.com  
Web: pbsl.gazipur.gov.bd

স্মারকনং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২১. ৬৬৬

তারিখ ১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নিলাম বিজ্ঞপ্তি

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে স্বাক্ষরসহ নাম, পূর্ণ ঠিকানা ও সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ	৬০,০০০ কেজি	*	
কথায়ঃ				

শর্তাবলীঃ-

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ০৩/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র (ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর-এ রক্ষিত টেন্ডার বাক্সে অথবা (খ) পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। বিলম্বে গৃহীত দরপত্র গ্রহণ করা হবে না এবং খাম বন্ধ অবস্থায় বাতিল বলে গণ্য করা হবে। দাখিলকৃত দরপত্র সমূহ একই দিন বেলা ১১:০৫ ঘটিকার সময় গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর ও পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।
- ০২। খামের উপরিভাগে “প্যাকেজিং কাঠ-এর নিলাম দরপত্র” কথাটি অবশ্যই লিখতে হবে।
- ০৩। নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে পূর্ণ ঠিকানা লিপিবদ্ধকরণসহ সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীলগালা ব্যবহার পূর্বক দর প্রদান করতে হবে।
- ০৪। দরদাতাগণ উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% (শতকরা পঁচিশ) অর্থ (দরপত্র গৃহীত না হলে ফেরতযোগ্য) নিরাপত্তা জামানত হিসেবে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের কম উদ্ধৃত দর বিবেচনা করা হবে না।
- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে নিলামকৃত মালামাল গ্রহণ করতে হবে। কৃতকার্য দরদাতাকে নিয়মানুযায়ী কর ও ভ্যাট প্রদান করতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে দেয়া প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে এবং সরবরাহ আদেশও বাতিল করা হবে।
- ০৬। আগ্রহী দরদাতাগণ ইচ্ছা করলে দরপত্র দাখিলের পূর্বে যে কোন দিন অফিস চলাকালীন সময়ে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভূরুলিয়াস্থ নির্মাণ স্টোয়ে রক্ষিত নিলামতব্য মালামাল পরিদর্শন করতে পারবেন।
- ০৭। সর্বোচ্চ বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট বর্ণিত মালামাল নিলামে বিক্রয় করা হবে। দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই এককদর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচিত হবে।
- ০৮। কোন কারণ দর্শানো ছাড়াই এতদসংক্রান্ত দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

- ০৯ ॥ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় মালামাল বিক্রয় করা হবে। আইটেমের বাস্তব অবস্থা ও কোড নাম্বারই প্রকৃত পরিচয়।
- ১০ ॥ অফিস কর্মদিবসের সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত মালামাল সরবরাহ করা হবে।
- ১২ ॥ উল্লিখিত শর্ত বহির্ভূত কোন জটিলতার সৃষ্টি হলে সে ক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ কার্যার্থে।**

- ০১ ॥ ডিজিএম, ছায়াবীথি জোনাল অফিস, গাজীপুর পবিস-১।
- ০২ ॥ এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম), গাজীপুর পবিস-১।
- ০৩ ॥ সহঃ প্রকৌশলী (প্রঃ বিভাগ), বাপবিবো, গাজীপুর।
- ০৪ ॥ এজিএম(আইটি), গাজীপুর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৫ ॥ মেসার্স.....
- ০৬ ॥ নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।

বর্ণিত সময়ে দরপত্র উন্মুক্ত করণ/মূল্যায়নে  
উপস্থিত থাকার অনুরোধসহ।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়।**

- ০১ ॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২ ॥ পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর।
- ০৩ ॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, .....পবিস-১/২/৩/৪। \*
- ০৪ ॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট বাপবিবো, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৫ ॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, গাজীপুর।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহল  
প্রচারের জন্য অনুরোধ করা  
হল।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)  
সিনিয়র জেনারেল ম্যানেজার